

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
ফুলগাজী, ফেনী।

ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ১৭/১০/২০২৪ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.৩০৪১.০০২.৫৭.০০২.২৪.২৪০

খাদ্য মন্ত্রণালয় সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং-১৫৫ তারিখঃ ১৯ আগষ্ট ২০২৪ খ্রিঃ এবং খাদ্যবাহক কর্মসূচি নীতিমালা ২০২৪ এর আলোকে ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের জন্য সরকার নির্ধারিত মূল্যে খাদ্যশস্য সরবরাহের উদ্দেশ্যে ফুলগাজী উপজেলায় ০৬ টি ইউনিয়নের জন্য খাদ্যবাহক কর্মসূচির ৬ জন ডিলার (প্রতি ইউনিয়নে ১(এক)জন করে) নিয়োগের নিমিত্তে এতদ্বারা দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ক) অগ্রহী প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ১৮ বছর বয়স হতে হবে।
- খ) আবেদনকারীর ইউনিয়নের বড় হাটে বা বাজারে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে।
- গ) আবেদনকারীর দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে।
- ঘ) আবেদনকারীর দোকান/সংযুক্ত ওদামে কমপক্ষে ১৫(পনের) মেঃটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- ঙ) আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- চ) খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
- ছ) কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
- জ) বর্তমানে খাদ্য বিভাগের অন্যকোন কর্মসূচীতে নিয়োজিত থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।
- ঝ) নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত(পে-অর্ডার আকারে) এবং খাদ্য বিভাগ কর্তৃক নির্ধারিত বিভিন্ন শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা গ্রহন করা হবে।

উপর্যুক্ত শর্তাবলীর অধীনে ডিলার হিসেবে নিয়োগ পেতে অগ্রহী ব্যক্তি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলগাজীর কার্যালয় হতে আবেদন পত্র সংগ্রহ পূর্বক নিজ নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের নাম, পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে) দোকানের বিস্তারিত ঠিকানা ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ টার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন পত্র দাখিল করতে পারবেন।

আবেদনপত্রের সংঙ্গে আবেদন পত্রে উল্লেখিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহন/বাতিল কিংবা ডিলার নিয়োগের সার্বিক কার্যক্রম স্থগিত অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


১৭/১০/২০২৪
(সিরাজুল্লাহ)


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্যবাহক কমিটি
ফুলগাজী, ফেনী।

স্মারক নং-১৩.০১.৩০৪১.০০২.৫৭.০০২.২৪.২৪০

তারিখঃ ১৭/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৪-৭। উপজেলা কৃষি/শিক্ষা / সমাজসেবা / পরিসংখ্যান অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৮। চেয়ারম্যান/প্রশাসক ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবাহক কমিটি.....ইউনিয়ন পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৯। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ/অত্র কার্যালয়।


১৭/১০/২৪
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ফুলগাজী, ফেনী।